**স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৬**
**সাম্মানিক বাংলা**
**সেমেস্টার : ৩ কোর্স : ১ (H-5)**
**(মধ্যযুগের নির্বাচিত কাব্য)**

**সময় : ৩ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

**১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে**

**একক - ১**

১। মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যে তৎকালীন সমাজ-বাস্তবতার যে স্বরূপ ধরা পড়েছে, পাঠ্য খণ্ড অবলম্বনে তা আলোচনা করো। ১০

২। রস-বৈচিত্র্য সৃষ্টিতে মুকুন্দ চক্রবর্তীর যে কৃতিত্ব প্রকাশিত হয়েছে, চণ্ডীমঙ্গল কাব্যের আখেটিক খণ্ড অবলম্বনে তা আলোচনা করো। ১০

৩। 'চণ্ডীমঙ্গল কাব্যের শিব যতটা না দেবতা, তার থেকে অনেক বেশি মানুষ।'— মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১০

**একক - ২**

৪। ময়মনসিংহ গীতিকার পাঠ্য যে-কোনো একটি পালায় গীতিকার বৈশিষ্ট্য কতখানি প্রকাশিত হয়েছে, তা দৃষ্টান্তসহ উল্লেখ করো। ১০

৫। 'মহুয়া' পালার কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

৬। 'চন্দ্রাবতী' পালায় চন্দ্রাবতী চরিত্রের যে মানসিক অন্তর্দ্বন্দ্বের পরিচয় পাওয়া যায়, তা আলোচনা করো। ১০

**একক - ৩**

৭। শাক্ত পদাবলির 'জগজ্জননীর রূপ' পর্যায়ের বৈশিষ্ট্য পাঠ্য পদ অবলম্বনে আলোচনা করো। ১০

৮। মনোদীক্ষা কী ? 'আপনারে আপনি দেখ, যেও না মন, কারু ঘরে।' পদটিতে যে-ভাবে 'মনোদীক্ষা'র কথা বলা হয়েছে, তার পরিচয় দাও। ১+৯=১০

৯। 'দোষ কারো নয় গো মা', — পদটির কাব্য-সৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো **দুটি** ) : ২×৫=১০

(ক) মুকুন্দ চক্রবর্তীর কাব্য রচনার প্রেক্ষাপট
(খ) মুরারি শীল
(গ) 'চন্দ্রাবতী' পালায় বংশীদাস ভট্টাচার্য
(ঘ) হুমরা বেদের পিতৃসত্তা
(ঙ) দশমহাবিদ্যা
(চ) 'তবু মোহ নাহি টুটে, ঘুম নাহি ছুটে,
আর কতদিন জাগিব মা ?'